



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/18/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

নিউ ইয়র্ক জুড়ে তুষার মিশ্রিত দমকা বাতাস এবং হিমশীতল তাপমাত্রা বয়ে যাওয়ায় গভর্নর কুওমো সতর্কতা অবলম্বন করার তাগিদ দিলেন

তুষার মিশ্রিত দমকা বাতাস দৃষ্টিগোচরতা কমিয়ে দেয়া সহ হোয়াইটআউট পরিস্থিতি সৃষ্টির সম্ভাবনা থাকায় গাড়ি চালকদের চরম সতর্কতার সাথে ভ্রমণ করার আহ্বান জানানো হয়েছে

স্টেট সংস্থাগুলো স্থানীয় অংশীদারদের পরিস্থিতি মোকাবেলায় বিষয়ক কার্যক্রমে সহায়তা উদ্দেশ্যে প্রস্তুত রয়েছে

স্টেট জুড়ে একটি জোরালো আর্কটিক শৈত্য প্রবাহ বয়ে চলায় গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে নিউ ইয়র্কবাসীকে তুষার মিশ্রিত দমকা বাতাসের কারণে সৃষ্ট হোয়াইটআউট পরিস্থিতি এবং হিমশীতল তাপমাত্রার জন্য সতর্ক করে প্রস্তুত হবার আহ্বান জানিয়েছেন। স্টেট জুড়ে এই প্রবাহটি বেশ কিছু তুষার মিশ্রিত দমকা বাতাস সৃষ্টি করছে এবং বুধবার সন্ধ্যা থেকে বৃহস্পতিবারে তাপমাত্রা হিমাংকের নিচে নিয়ে যাবে। স্টেট সংস্থাগুলো সতর্ক অবস্থায় রয়েছে এবং বাতাস কিংবা বরফ কমিউনিটির ক্ষয়ক্ষতির সৃষ্টি করলে পরিস্থিতি মোকাবেলা কর্মকাল্ডে সহায়তার জন্য প্রস্তুত রয়েছে। নিউ ইয়র্কবাসীকে সামনের দিনগুলোয় তাদের স্থানীয় আবহাওয়ার প্রতিবেদনগুলোতে গভীর মনোযোগ রাখতে হবে এবং গাড়িচালকদেরও সাবধানতার সাথে ভ্রমণ করতে হবে, কারণ তুষার মিশ্রিত দমকা বাতাস দৃষ্টিগোচরতার উপর প্রভাব ফেলবে এবং বিশেষত উচ্চ প্রোফাইলের যানবাহনগুলোর জন্য আড়বাসু গাড়ি চালানোয় অসুবিধা সৃষ্টি করতে পারে।

"এই তুষার মিশ্রিত দমকা বাতাস হোয়াইটআউট পরিস্থিতি তৈরি করার এবং আজ রাতের যাতায়াতকে অত্যন্ত বিপজ্জনক করে ফেলার সম্ভাবনা রয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "আমি নিউ ইয়র্কবাসীকে ধীরে চলার, অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার এবং যদি কোনোভাবে সম্ভব হয় তাহলে রাস্তা ব্যবহার না করার পরামর্শ দিচ্ছি। যদি চালাতেই হয়, তাহলে প্লাও কিংবা সড়ক পরিষ্কার করার স্টেট যান দেখলে অবশ্যই সরে জায়গা দিন।"

বুধবার সন্ধ্যা ও বৃহস্পতিবার সকাল পর্যন্ত তুষার মিশ্রিত দমকা বাতাসের সম্ভাবনা থাকবে। তাপমাত্রা শূন্যে নিচে মাইনাস 1 থেকে মাইনাস 9 এবং উপরে 17 থেকে 19 পর্যন্ত হতে পারে। মোহক উপত্যকায় বাতাসের কারণে কাঁপুনির অনুভূতির পরিমাণ নূন্যতম -12 সহ সাধারণভাবে 0 থেকে -10 ডিগ্রি হবে, এবং নর্থ কান্ডি অঞ্চলে হবে -29 ডিগ্রি পর্যন্ত। স্টেট জুড়ে দমকা হাওয়া 40 মাইল পর্যন্ত পৌঁছাতে পারে।

ন্যাশনাল ওয়েদার সার্ভিসের তরফে তুষার মিশ্রিত দমকা বাতাস ও শীতকালীন আবহাওয়ার কারণে বেশ কিছু সাবধানতা, সতর্কবার্তা ও পরামর্শ জারি করা হয়েছে। সেগুলো দেখতে কিংবা আরও তথ্য পেতে, ন্যাশনাল ওয়েদার সার্ভিস-এর [ওয়েবসাইট](#) পরিদর্শন করুন।

এজেন্সির প্রস্তুতি

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT)

পরিবহণ দপ্তর একাধিক অঞ্চলে পরিস্থিতি মোকাবেলায় সক্রিয় রয়েছে এবং স্টেট জুড়ে 3,671 জন সুপারভাইজর ও অপারেটর রয়েছে।

স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 1599টি বৃহৎ ডাম্প ট্রাক
- 183টি মাঝারি শক্তিমত্তার প্লাউ
- 52টি টো প্লাউ
- 328টি বড় লোডার্স
- 39টি তুষার ব্লোয়ার্স
- 75টি চিপার
- 38টি ট্রাফিক সিগন্যাল ট্রাক
- 15টি ড্রি ড্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)

থ্রুওয়ে অথোরিটির 688 জন সুপারভাইজর ও অপারেটর আছে যারা সমগ্র স্টেট জুড়ে 245টি বড় স্লো প্লাউ, 107টি মাঝারি স্লো প্লাউ, 11টি টো প্লাউ এবং 60টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 115,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

প্রদেশ পুলিশ বিভাগ (Division of State Police)

নিউ ইয়র্ক স্টেট পুলিশ সকল ট্রুপারকে সজাগ থাকতে এবং যেকোনো সমস্যার জন্য পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার জন্য নির্দেশ দিয়েছে। স্টেটের পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনমতো অতিরিক্ত কর্মী মোতায়েন করতে প্রস্তুত থাকবে। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি কাজ করছে এবং স্লোমোবাইল ও ইউটিলিটি গাড়িগুলো প্রস্তুত আছে ও মাঠে জন্য তৈরি আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। স্মোমোবাইল ও ইউটিলিটি যানসহ, বিদ্যমান সকল সংস্থান, যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছেন এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। পার্ক খোলা থাকার সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত <https://parks.ny.gov> দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

এছাড়াও ঋণে অথোরিটি মোটর চালকদের তাদের [মোবাইল অ্যাপ](#) ডাউনলোড করতে উৎসাহিত করছে যা iPhone ও Android ডিভাইসে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা [ট্রান্সঅ্যালার্ট](#) ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র ঋণে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান করে [এখানে](#)।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)